

২০১৭

বাংলা – সাম্মানিক

চতুর্থ পত্র

পূর্ণমান – ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) সামাজিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ সম্পর্কে আলোচনা করে এই শ্রেণির একটি বাংলা নাটকের পরিচয় দাও। ২+৫+৮

অথবা

(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭½+৭½
(অ) পৌরাণিক নাটক (আ) কমেডি
(ই) সাংকেতিক নাটক (ঈ) থার্ড থিয়েটার

২। (ক) বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট বর্ণনা করো। প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করো। ৫+৫+৫

অথবা

(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭½+৭½
(অ) বেঙ্গলি থিয়েটার
(আ) বেলগাছিয়া নাট্যশালা
(ই) বাগবাজার অ্যামেচার থিয়েটার
(ঈ) ন্যাশনাল থিয়েটার (দ্বিতীয় পর্ব)

৩। (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের নারী চরিত্রগুলি প্রহসনের চরিত্র হিসাবে কতদূর সার্থক হয়েছে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটির নামকরণের সার্থকতা বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৪। (ক) প্রহসন হিসাবে 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' কতটা সার্থক হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা

(খ) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনটি অপ্রধান চরিত্রগুলির জন্যই আকর্ষণীয় হয়ে উঠেছে — আলোচনা করো। ১০

৫। (ক) 'মুক্তধারা'র পূর্বপরিকল্পিত নাম ছিল 'পথ'। কোন্ নামটি নাটকের বক্তব্যের সঙ্গে অধিকতর সঙ্গতিপূর্ণ — যুক্তিসহ বিচার করো। ১৫

অথবা

(খ) 'মুক্তধারা' নাটকের ধনঞ্জয় চরিত্রটির প্রাসঙ্গিকতা বিষয়ে আলোচনা করো। ১৫

৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) "ওরা যে আজ যন্ত্রবেদীর উপর তৃষ্ণারাক্ষসীর প্রতিষ্ঠা করবে। মানুষ-বলি চায়।"
— কার উক্তি? 'ওরা' কারা? উক্তিটির তাৎপর্য কী? ১+১+৩

(খ) "আমার জীবনের শ্রোত রাজবাড়ির পাথর ডিঙিয়ে চলে যাবে এই কথাটা কানে নিয়েই পৃথিবীতে এসেছি।"
— কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+২+২

(গ) "যে পথ খুলে যায় সে পথ সকলেরই — যেমন উত্তরকূটের তেমনি শিবতরাইয়ের।"
— কার উক্তি? কাকে বলা হয়েছে? কোন্ পথের কথা বলা হচ্ছে? কে সেই পথ খুলেছে?
পথ খোলার ফল কী হয়েছে? ১+১+১+১+১

(ঘ) "তোমরা শিকল দিয়ে তাঁকে বাঁধবে, তিনি শিকল ছেঁড়বার জন্যে জাগবেন।"
— উক্তিটি কার? কাকে বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে লেখো। ১+১+৩

৭। (ক) "বাংলায় উৎপল দত্তই প্রথম নাট্যকার যিনি বিষয়বস্তু হিসেবে রাজনীতিকে তাঁর সমগ্র নাট্যরচনায় স্থান দিয়েছিলেন।" — সমালোচকের এই উক্তির আলোকে 'টিনের তলোয়ার' নাটকের মূল্যায়ন করো। ১৫

অথবা

(খ) 'টিনের তলোয়ার' নাটকের অন্যতম প্রাপ্তি — "প্রতিবাদী ময়নার দৃপ্ত উচ্চারণ" — আলোচনা করো। ১৫

৮। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) "বাইরে পুরাতন সমাজ বিধ্বস্ত হচ্ছে আর নাট্যশালায় আপনারা কাশ্মীরের যুবরাজের মুখ প্রেমের অলীক স্বর্গ রচনা করে চলেছেন।"
— বক্তা কে? কার উদ্দেশ্যে বলা হচ্ছে? এতে বক্তার চরিত্রের কোন্ দিকটি উদ্ভাসিত হচ্ছে? ১+১+৩

(খ) "আমি ব্রহ্মার মুখের ওপর তর্জনী নেড়ে বলব, নাট্যশালায় গড়েছি এমন জগৎ, যা তোমার চার মাথার কোনোটাতেই আসেনি, দেবতা।"
— কার উক্তি? কোন্ বিশেষ পরিপ্রেক্ষিতে এটি উক্ত হয়েছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+২+২

(গ) "ওদের দুজনের মধ্যে আমার কি একটা স্বপ্ন যেন বাসা বেঁধেছিল, কাপ্তেনবাবু। সে বাসাটা ভেঙে গেল।"
— কার উক্তি? কোন্ দুজনের কথা বলা হচ্ছে? 'স্বপ্ন'টি কী? কেন সেটি ভেঙে গেল?
'কাপ্তেনবাবু' কে? ১+১+১+১+১

(ঘ) "দু'হাতে দশটা হীরের আংটি। যে কোন একটা দিয়ে সাহিত্য-ফাহিত্য কিনে রাখতে পারি।" — বক্তা কে? উক্তিটির প্রসঙ্গ বর্ণনা করে বক্তার চরিত্রের পরিচয় দাও। ১+২+২